# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 30 April, 2025

কিশোরগঞ্জের তাড়াইলে দীর্ঘ ৯ বছর পর উপজেলা বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) দুপুরে তাড়াইল-সাচাইল দারুল হুদা কাসেমুল উলুম মাদ্রাসা প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এর আগে সর্বশেষ ২০১৬ সালের ৪ অক্টোবর সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

তাড়াইল উপজেলা বিএনপির আহ্বায়ক সাঈদুজ্জামান মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল।

সম্মেলন উদ্বোধন করেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক (ময়মনসিংহ বিভাগ) ও জেলা বিএনপির সভাপতি শরীফুল আলম।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সাংগঠনিক সম্পাদক (ময়মনসিংহ বিভাগ) অ্যাডভোকেট শাহ ওয়ারেছ আলী মামুন এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সাংগঠনিক সম্পাদক (ময়মনসিংহ বিভাগ) আবু ওয়াহাব আকন্দ।

এছাড়াও সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কিশোরগঞ্জ জেলা বিএনপির সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম, জেলা বিএনপির সহ সভাপতি এডভোকেট জাহাঙ্গীর আলম মোল্লা, রুহুল হোসাইন, এডভোকেট জালাল মো. গাউস, আজিজুল ইসলাম দুলাল, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক খালেদ সাইফুল্লাহ সোহেল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ইসরাইল মিয়া ও আমিনুল ইসলাম আশফাক প্রমুখ।

বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:15

URL: https://www.timestodaybd.com/dhaka/1666895551